যায়যায়দিন

তারিখ 04 MAR 2012
পৃষ্ঠা ১৩ কলাম ২

# নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের দুর্নীতির তথ্য চেয়ে গণবিজ্ঞপ্তি

যাযাদি রিপোর্ট

নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের নানা অনিয়ম, দুর্নীতি, ভর্তিবাণিজ্য সম্পর্কে তথ্য চেয়ে গণবিজ্ঞপ্তি জারি করেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। বুধবার জারি করা বিজ্ঞপ্তিতে নর্থসাউথ বিশ্ববিদ্যালয় বিষয়ে শিক্ষক-শিক্ষার্থী-অভিভাবক অথবা স্বার্থবান ব্যক্তিকে তদন্ত কমিটির কাছে ব্যক্তিগত শুনানি প্রদানের আহ্বান জানিয়েছে। শুনানির বিষয়ে গোপনীয়তা রক্ষা করা হবে বলে জানিয়েছে কমিশন।

নর্থসাউথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিরুদ্ধে আনীত বিভিন্ন অনিয়ম, দুর্নীতি ও অভিযোগ তদন্তে ইউজিসির সদস্য (প্রাইভেট বিশ্ববিদ্যালয়) অধ্যাপক ড. আতফুল হাই শিবলীকে আহ্বায়ক করে চার সদস্যের একটি কমিটি ইতোমধ্যে তদন্ত কার্যক্রম শুরু করেছে। সম্প্রতি নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের দ্বন্দ্ব এবং ট্রাস্টি বোর্ডের এক সদস্যের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ উঠেছে।

জানা গেছে, ইউজিসি নর্থসাউথ বিশ্ববিদ্যালয় ছাড়াও ট্রাস্টি বোর্ডের দ্বন্দ্ব, অনিয়ম, দুর্নীতি, সার্টিফিকেট জালিয়াতিসহ নানা অনিয়মের অভিযোগে অভিযুক্ত আরো পাঁচটি প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে তদন্ত করছে।

এগুলো হলো ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ভিক্টোরিয়া ইউনিভার্সিটি, এশিয়ান ইউনিভার্সিটি, ইবাইস ইউনিভার্সিটি এবং অতীশ দীপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। ইতোমধ্যে এসব বিশ্ববিদ্যালয়গুলোতে সরেজমিনে গিয়ে তথ্য সংগ্রহ করেছে কমিশন।